ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পি.এল.সি
মুরাদপুর শাখা, চট্টগ্রাম।

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারার বিধান মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, আইয়ুব খান, পিতা- আলী আকবর, মাতা- ফেরদৌস বেগম, ঠিকানা- দানু মিঞার বাড়ী, আলমদর পাড়া, চাতারা, ডাকঘর- ছনহরা-৪৩৭০, থানা- পটিয়া, জেলা- চট্টগ্রাম তার মালিকানাধীন মেসার্স আইয়ুব এন্ড সন্স, ব্যবসায়িক ঠিকানা- ১৮৮, খাঁজা টুলস মার্কেট, জুবলী রোড, ডাকঘর- জিপিও, থানা- কোতোয়ালী, জেলা- চট্টগ্রাম এবং আরবি নেট ওয়্যার, কালুরঘাট ভারী শিল্প এলাকা, চট্টগ্রাম কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, মুরাদপুর শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিল মূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিল মূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণ গ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৬/০৭/২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৩,৯৭,০৯,২৪২.২৫ (তিন কোটি সাতানব্বই লক্ষ নয় হাজার দুইশত বিয়াল্লিশ দশমিক দুই পাঁচ) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। আগামী ২১/০৮/২০২৫ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, মুরাদপুর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ

দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, মুরাদপুর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না। এতদসংক্রান্ত বিস্তারিত তথ্য www.ucb.com.bd ওয়েবসাইটে পাওয়া যাইবে।

**বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল**

ঢাকা জেলা, থানা- সাবেক উত্তরা, বর্তমানে- দক্ষিণখান, মৌজা- ফায়দাবাদ, জে.এল. নং- ১৪ (ঢাকা সিটি জরিপ অনুসারে) এর মধ্যে অবস্থিত ৪.৩২ (চার দশমিক তিন দুই) শতক বা ০.০৪৩২ (শূণ্য দশমিক শূণ্য চার তিন দুই) একর জমি। গুলশান সাব রেজিস্ট্রি অফিস, ঢাকার এখতিয়ারাধীন বিগত $\frac{১১/১০/২০২৩}{১২/১০/২০২৩}$ তারিখের রেজিস্ট্রিকৃত বিক্রয় দলিল নং- ৯২০৫ এর ভিত্তিতে জনাব আইয়ুব খানের মালিকানাধীন এবং দখলকৃত সম্পত্তি, সি.এস. খতিয়ান নং- ৫৪, এস.এ. খতিয়ান নং- ১১৭, সি.এস. এবং এস.এ. প্লট নং ২৬১, আর.এস. নামজারী খতিয়ান নং- ১১২৩, আর.এস. প্লট নং- ৮০৭, সিটি জরিপ খতিয়ান নং- ২৪৯৯, নামজারী খতিয়ান নং- ৪৯৫০০, ঢাকা সিটি জরিপ প্লট নং- ১৯৭২৪ (ঊনিশ হাজার সাতশত চব্বিশ), যা জোত/হোল্ডিং নং- ১৪৬/১৮৮ এবং তদস্থিত নির্মিত ০২ (দুই) তলা আবাসিক ভবন [অনুমোদিত ০৪ (চার) তলা ভিত্তি সহ] এর সাথে সমস্ত অধিকার, স্বত্ব, স্বার্থ, সুবিধা ইত্যাদি।

**<u>চৌহর্দ্দি</u> ঃ-**

উত্তরে- জনাব আব্দুল মালেক, দক্ষিণে- সফিকুল হক, পূর্বে- পথের ০৭ (সাত) ফুট প্রশস্ত পাকা রাস্তা এবং পশ্চিমে- আব্দুল হক।